৳.২ ৳.২ পেং কোয়া

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
রাজশাহী

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের উৎপাদন ও বিপণন বিভাগের অফিস পরিদর্শন প্রতিবেদন

গত ০৭.০৩.২০২১ তারিখ বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের প্রধান কার্যালয়ের উৎপাদন ও বিপণন বিভাগের শাখা পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে উপপ্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তা জনাব মোঃ নাসির উদ্দিন, উৎপাদন কর্মকর্তা জনাব মোঃ আবুল কালাম আজাদ সহ অন্যান্য কর্মচারীগণ উপস্থিত ছিলেন। পরিদর্শনের সময় অফিসে রক্ষিত রেজিষ্টারাদি সহ অন্যান্য আনুষঙ্গিক বিষয় পরীক্ষা নিরীক্ষা করা হয়।

পরিস্কার/পরিচ্ছন্নতা:

২০৫ নং কক্ষটিতে উৎপাদন ও বিপণন বিভাগের শাখার কার্যক্রম চলছে। অফিস কক্ষটি একটু অপরিস্কার রয়েছে। টেবিলের উপরের ফাইলপত্র এলোমেলোভাবে রাখা আছে। নির্দেশ মোতাবেক আলোচ্য কক্ষটি পরিষ্কার করে ফাইলপত্র গুছিয়ে রাখার নির্দেশনা দেওয়া হলো।

২০৯ নং কক্ষটিতে জনাব মোঃ আবুল কালাম আজাদ, উৎপাদন কর্মকর্তা (অ:দা:) বসেন। কক্ষটি পরিষ্কার পরিচ্ছন্ন রয়েছে। অত্র বিভাগে ২০৮ নং কক্ষটি প্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তার। বর্তমানে অত্র বিভাগে কোন প্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তা না থাকায় কক্ষটি ফাঁকা রয়েছে। কক্ষটি পরিস্কার পরিচ্ছন্ন রয়েছে।

রেজিষ্টার সংক্রান্ত তথ্যাদি:

মাষ্টার রেজিষ্টার:

অত্র বিভাগে একটি মাষ্টার রেজিষ্টার রয়েছে। কিন্তু রেজিষ্টারটি কোন কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন করা নাই। এতে ২১ টি রেজিষ্টার তালিকাভুক্ত রয়েছে। অত্র রেজিষ্টারটি প্রত্যয়ন করার নির্দেশনা দেয়া হলো।

হাজিরা খাতা:

এই বিভাগে দুইটি হাজিরা খাতা রয়েছে। একটি কর্মকর্তাদের ও অন্যটি কর্মচারীদের। হাজিরা খাতা পরীক্ষা করা হলো।

কর্মকর্তা হাজিরা খাতা:

কর্মকর্তাগণের হাজিরা খাতা পরীক্ষা করা হলো। হাজিরা খাতাটি ২০.০১.২০২০ তারিখে রহিমা খাতুন, প্রধান উৎপাদন ও বাজাজাতকরণ কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন করা আছে। রেজিষ্টারে ০১.১১.২০১৮ হতে হাজিরা স্বাক্ষর রয়েছে। হাজিরা খাতায় ০১.১১.২০১৮ হতে ০৭.০৩.২০২১ তারিখ পর্যন্ত একজন কর্মকর্তা জনাব মোঃ আবুল কালাম আজাদ, উৎপাদন কর্মকর্তা (অঃদাঃ) স্বাক্ষর রয়েছে। হাজিরা খাতায় সদ্য যোগদানকৃত উপপ্রধান উৎপাদন কর্মকর্তা জনাব মোঃ নাসির উদ্দীনকে স্বাক্ষর প্রদানের নির্দেশনা দেওয়া হলো।

কর্মচারী হাজিরা খাতা:

অত্র হাজিরা রেজিষ্টারটি ০৪.০৯.২০১৭ তারিখে জনাব মোঃ আবুল কালাম আজাদ, উৎপাদন কর্মকর্তা (অ:দা:) কর্তৃক প্রত্যয়ন করা হয়েছে মর্মে দেখা গেল। ০১.০৯.২০১৭ হতে রেজিষ্টারে উৎপাদন বিভাগের কর্মচারীগণের হাজিরা ০৭.০৩.২০১ ইং তারিখ পর্যন্ত স্বাক্ষর রয়েছে। রেজিষ্টারে নৈমিত্তিক ছুটির হিসাব দেখানো রয়েছে। রেজিষ্টারটি যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে।

পত্র প্রাপ্তির রেজিষ্টার:

পত্র প্রাপ্তি রেজিষ্টার পরীক্ষা করা হলো। অত্র রেজিষ্টারটি ১৬.০৪.২০১৯ তারিখে জনাব মোঃ আবুল কালাম আজাদ, উৎপাদন কর্মকর্তা (অ:দা:) কর্তৃক প্রত্যয়ন করা হয়েছে মর্মে দেখা গেল। উক্ত রেজিষ্টারটি হালনাগাদ পাওয়া গেল। চলতি অর্থ বছরে ০৭.০৩.২০২১ তারিখ পর্যন্ত ১২৫টি পত্র গ্রহণ করা হয়েছে। এর মধ্যে ৮৭ টি কার্যকরী এবং ৩৮ টি অনুলিপি। ২ টি কার্যকরী পত্র অনিষ্পন্ন রয়েছে। অনিষ্পন্ন পত্রগুলো দ্রুত নিষ্পন্ন করার জন্য নির্দেশনা দেয়া হলো।

পত্র জারি রেজিষ্টার:

রেজিষ্টারটি পরীক্ষা করা হলো। পরিদর্শনকালে দেখা গেল, পত্র জারি রেজিষ্টারটি ২৩.০৯.২০১৯ তারিখে জনাব মোঃ আবুল কালাম আজাদ, উৎপাদন কর্মকর্তা (অ:দা:) কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন করা হয়েছে। রেজিষ্টারটিতে ৩৯৯টি পৃষ্ঠা রয়েছে। চলতি অর্থ বছরে ০৭.০৩.২০২১ তারিখ পর্যন্ত ০৬ টি পত্র জারি করা হয়েছে। পত্র জারির ক্ষেত্রে শুধু জারি নম্বর ও তারিখ দেওয়া হয়েছে কিন্তু পত্র পৃষ্ঠা নম্বর দেওয়া হয়না। পত্র পৃষ্ঠা নম্বর দেওয়ার নির্দেশনা দেয়া হলো।

ই ফাইলিং:

অত্র বিভাগে ই-ফাইলিং কার্যক্রম চলমান রয়েছে। একটি ই-ফাইলিং রেজিষ্টার খোলা হয়েছে। কিন্তু রেজিষ্টারটি কোন কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন করা হয়নি। প্রায় সকল চিঠিপত্র ও নথিপত্র ই-ফাইলিং এর মাধ্যমে নিস্পত্তি করা হচ্ছে। চলতি অর্থ বছরে এ পর্যন্ত ই-ফাইলে ৬৬টি নথি নিস্পত্তি হয়েছে। ই-ফাইলিং রেজিষ্টার সংরক্ষণ করা হলেও রেজিষ্টারের সন্নিবেশিত ছকটি পরিষ্কার বুঝা যাচ্ছে না। রেজিষ্টারটির ছকটি যথাযথভাবে পূরণ করার নির্দেশনা প্রদান করার হলো। অনিস্পন্ন পত্রগুলো দ্রুত ই-ফাইলিংয়ের মাধ্যমে নিস্পন্ন করার জন্য নির্দেশনা দেয়া হলো।

ফাইল ইনডেক্স রেজিষ্টার:

রেজিষ্টারটি ১০.০৮.২০১৬ তারিখে খোলা হয়েছে। ২৬ টি বিষয় ভিত্তিক কোডে (ক্লাষ্টার) ১৫৬ টি নথি রয়েছে। এ বিভাগের নথিতে ডিজিটাল নম্বর ব্যবহার করা হচ্ছে। নথিগুলো আলমালিতে সংরক্ষণ করা হচ্ছে।

নথি পরীক্ষা:

দৈবচয়ন ভিত্তিতে ০৬ নং ক্লাষ্টার এর রেশম গুটির দর নির্ধারণী ও রিকভারী সংক্রান্ত নথিটি পরীক্ষা করা হলো। নথিটিতে পত্রাংশ নম্বর হালনাগাদ করা নেই। নথিটি হালনাগাদ করার জন্য বলা হলো।

সার্বিক মন্তব্য:

এই বিভাগে কর্মকর্তা পর্যায়ে প্রত্যেকটি পদই শূন্য থাকায় কাজকর্মে কিছুটা অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে। এ বিভাগের সকল চিঠিপত্র ও নথিপত্র ই-ফাইলিং এর মাধ্যমে নিস্পত্তি করার জন্য বলা হলো।

২৮/০৬/২০২২
(মোছা: নাছিমা খাতুন)
পরিচালক (উৎপাদন ও বিপণন)
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
রাজশাহী।

স্মারক নং- ২৪.০৬.০০০০.০০৪.০১.০০৩.১৬-০৮

তারিখ: ২৮/০৬/২০২২

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে

১। পরিচালক (প্রশাসন), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
২। উপ-প্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
৩। উৎপাদন কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
৪। উচ্চমান সহকারী, উৎপাদন ও বিপণন বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
৫। পি, এ, টু মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৮/০৬/২০২২
(মোছা: নাছিমা খাতুন)
পরিচালক (উৎপাদন ও বিপণন)
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
রাজশাহী।

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী
পরিচালক (প্রশাসন) এর দপ্তর

| | |
|---|---|
| প্রধান রিলিং কর্মকর্তা | |
| ল এন্ড এস্টেট অফিসার | |
| সহকারী পরিচালক (সিরাজো) | |
| সহকারী প্রোগ্রামার | |
| সহকারী পরিচালক (প্রশাসন) | প্রশাসন শাখা |
| | কমন সার্ভিস শাখা |
| প্রশাসনিক কর্মকর্তা | প্রশাসন শাখা |
| | কমন সার্ভিস শাখা |
| ব্যক্তিগত সহকারী | |
| ডায়েরী নং: ৫২৮ | তারিখ: ০৭/০৭/২০২২ |